



## সৌদির কিং ফাহাদ বিমানবন্দরে হামলায় নিহত ১



সংগৃহীত ছবি

সৌদি আরবের দাম্মামে কিং ফাহাদ আন্তর্জাতিক বিমানবন্দরে হামলায় একজন নিহত ও আটজন আহত হয়েছেন। বুধবার (২১ অক্টোবর) দেশটির বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে। আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর।

একই দিনে সৌদির শায়বাহ তেলক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত্ব তেল কোম্পানি সৌদি আরামকোর একটি স্থাপনায় হামলার চেষ্টা করা ড্রোন ভূপাতিত করা হয়। এ ঘটনায় আরও দুজন নিহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির জ্বালানি মন্ত্রণালয়।

আল জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, ইয়েমেনের হুতি বাহিনীর হামলার মধ্যে সৌদি আরবের বিভিন্ন স্থাপনায় আক্রমণের ঘটনা ঘটছে। এর আগে গত ১১ অক্টোবর রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে ক্ষেপণাস্ত্র বা অন্য ধরনের প্রক্ষেপণাস্ত্রের আঘাতে একজন নিহত ও ১১ জন আহত হওয়ার কথা জানিয়েছিল সৌদি কর্তৃপক্ষ। এর আগের দিন একই বিমানবন্দরে আরেকটি হামলায় ১২ জন নিহত এবং তিন শতাধিক আহত হওয়ার তথ্যও প্রকাশ করা হয়েছিল।

এদিকে, হামলার আশঙ্কায় সৌদি আরবে কর্মরত মার্কিন কূটনীতিক ও তাঁদের পরিবারের সদস্যদের সরিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর। রয়টার্সকে মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন, মধ্যপ্রাচ্যের আরও কয়েকটি দেশে মার্কিন মিশন থেকে কূটনীতিকদের পরিবারের সদস্যদের সরিয়ে নেওয়ার পরিকল্পনাও রয়েছে।

পরিস্থিতির মধ্যে বুধবার রিয়াদে অবস্থিত মার্কিন দূতাবাস সৌদি আরবে হুতি বাহিনীর সম্ভাব্য আরও হামলা নিয়ে নিরাপত্তা সতর্কতা জারি করেছে।